নির্বাচন অগ্রাধিকার
অতিব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.netrokona.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২০০.০১০.৪০.০০১.১৯. ৬৫৯ তারিখ:১৩ অক্টোবর ২০২২

## 'গণবিজ্ঞপ্তি'

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখ জেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হবে। নির্বাচন প্রভাবমুক্ত, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ভোটগ্রহণের নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১৬ অক্টোবর ২০২২ তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১৭ অক্টোবর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত পর্যন্ত সকল ভোটকেন্দ্রের আশ পাশের এলাকায় নিম্নরূপ নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) লঞ্চ
(২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌযান
(৩) স্পিড বোট

০২। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে-যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, পানি, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এ আদেশ যথাযথভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথ বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

১৩/১০/২০২২
(অঞ্জনা খান মজলিশ)
জেলা ম্যাজিস্ট্রেট
নেত্রকোণা
ফোন : ০২৯৯৬৬৫১৬৩৪
E-mail:dcnetrokona@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২০০.০১০.৪০.০০১.১৯. ৬৫৯ তারিখ: ১৩ অক্টোবর ২০২২

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. পুলিশ সুপার, নেত্রকোণা।
৫. অধিনায়ক, ৩১ বিজিবি, নেত্রকোণা।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
৭. কোম্পানী অধিনায়ক, র‍্যাব-১৪, যশোদল, কিশোরগঞ্জ।
৮. উপজেলা নির্বাহী অফিসার, ............................(সকল), নেত্রকোণা।
৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নেত্রকোণা।
১০. জেলা তথ্য অফিসার, নেত্রকোণা-আদেশটি মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১১. জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা ।

১৩/১০/২২
জেলা ম্যাজিস্ট্রেট
নেত্রকোণা

CamScanner

নির্বাচন অগ্রাধিকার
অতিব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.netrokona.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২০০.০১০.৪০.০০১.১৯. ৬২০ তারিখ: ১৩ অক্টোবর ২০২২

'গণবিজ্ঞপ্তি'

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখ জেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হবে। নির্বাচন প্রভাবমুক্ত, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ভোটগ্রহণের নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১৬ অক্টোবর ২০২২ তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১৭ অক্টোবর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত সকল ভোটকেন্দ্রের আশ পাশের এলাকায় নিম্নরূপ যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

০২। এছাড়া, ১৪ অক্টোবর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে-যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, পানি, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এ আদেশ যথাযথভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

০৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

১৩/১০/২২

(অঞ্জনা খান মজলিশ)
জেলা ম্যাজিস্ট্রেট
নেত্রকোণা
ফোন : ০২৯৯৬৬৫১৬৩৪
E-mail:dcnetrokona@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২০০.০১০.৪০.০০১.১৯. ৬২০ তারিখ: ১৩ অক্টোবর ২০২২

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২. সচিব, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. পুলিশ সুপার, নেত্রকোণা।
৫. অধিনায়ক, ৩১ বিজিবি, নেত্রকোণা।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
৭. কোম্পানী অধিনায়ক, র‍্যাব-১৪, যশোদল, কিশোরগঞ্জ।
৮. উপজেলা নির্বাহী অফিসার, ............................(সকল), নেত্রকোণা।
৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নেত্রকোণা।
১০. জেলা তথ্য অফিসার, নেত্রকোণা-আদেশটি মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১১. জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা।

১৩/১০/২২

জেলা ম্যাজিস্ট্রেট
নেত্রকোণা

CS CamScanner